



৩০০ আসনের নির্বাচনে রিটার্নিং কর্মকর্তা হিসেবে নিয়োগ পেল ৬৯ কর্মকর্তা



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট নির্বিঘ্ন করতে ৩০০ আসনের জন্য ৬৯ জনকে রিটার্নিং কর্মকর্তা হিসেবে নিয়োগ দিয়েছে নির্বাচন কমিশন। বৃহস্পতিবার (১১ ডিসেম্বর) রাতে প্রকাশিত প্রজ্ঞাপনে এসব নিয়োগের বিষয়টি জানানো হয়।

ইসি জানায়, দেশের সব জেলার জেলা প্রশাসকরা (ডিসি) এবারও রিটার্নিং কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। পাশাপাশি ঢাকা ও চট্টগ্রাম বিভাগের বিভাগীয় কমিশনারদেরও এই দায়িত্ব দেওয়া হয়েছে।

তবে কিছু আসনে কমিশন নিজস্ব কর্মকর্তাদের নিয়োগ করেছে। ঢাকা-১৩ ও ঢাকা-১৫ আসনে দায়িত্বে থাকবেন ঢাকার আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা। চট্টগ্রাম-১১ আসনে চট্টগ্রাম অঞ্চলের নির্বাচন কর্মকর্তা এবং খুলনা-৩ আসনে দায়িত্ব পালন করবেন খুলনা আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা।

আগামী ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হতে যাওয়া জাতীয় নির্বাচন সামনে রেখে এসব দায়িত্ব বন্টন করা হয়েছে বলে জানিয়েছে ইসি।